কালাগুল ও কাকুয়ারপাড় মসজিদে মাইক সেট প্রদান করলেন সাংবাদিক জাবেদ

চেম্বার ডেস্ক::

সিলেট সদর উপজেলার খাদিম নগর কালাগুল বায়তুস সালাম মসজিদ ও এয়ারপোর্ট সংলগ্ন সিলভার সিটি কাকুয়ারপাড় মসজিদে দুই সেট মাইক প্রদান করলেন সিলেট অনলাইন প্রেসক্লাবের কার্যনির্বাহী কমিটির প্রাক্তন সদস্য আমেরিকা প্রবাসী সাংবাদিক জাবেদ আহমদ।

গতকাল বৃহস্পতিবার দুপুরে ও বিকেলে স্ব স্ব মসজিদ কমিটির নেতৃবৃন্দের কাছে মাইক সেট প্রদান করা হয়।

অবহেলায় পড়ে থাকা এ মসজিদগুলোকে মাইক সেট প্রদান করায় এলাকাবাসী দাতাকে ধন্যবাদ জানান।

কাকুয়ারপাড় মসজিদে মাইক সেট প্রদান কালে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন, সিলেট অনলাইন প্রেসক্লাবের সহ-সভাপতি ও দৈনিক আলোকিত সিলেটের নির্বাহী সম্পাদক গোলজার আহমদ হেলাল, সিলেট অনলাইন প্রেসক্লাবের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক, নিরাপদ সড়ক চাই কেন্দ্রীয় কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক জহিরুল ইসলাম মিশু, সিলেট জেলা প্রেসক্লাবের সদস্য এমদাদুল ইসলাম সোহাগ, ব্যবসায়ী খালেদ আহমদ, মসজিদের মোতাওয়াল্লী ও ইমাম। এসময় তারা বলেন, জাবেদ আহমদ এর দান মুসল্লীদের ইবাদত পালনে অনেক সহায়তা করবে। তারা জাবেদ আহমদ এর উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করেন।

এদিকে বিকেলে তরুণ সমাজসেবক, উদ্যোক্তা, ক্রীড়ানুরাগী, যুব সংগঠক ও সফল ব্যবসায়ী সাংবাদিক জাবেদ আহমদ খাদিম নগর এলাকার কালাগুল মসজিদে আরেক সেট মাইক প্রদান করেন। এসময় এলাকাবাসী ও মসজিদ কমিটির কাছে প্রবাসী সাংবাদিক জাবেদ আহমদ এর পক্ষে এগুলো হস্তান্তর করেন সিলেট অনলাইন প্রেসক্লাবের সহ-সভাপতি গোলজার আহমদ হেলাল ও ব্যবসায়ী খালেদ আহমদ। এলাকাবাসীর সাথে মতবিনিময় অনুষ্ঠানে এ সময় বক্তব্য রাখেন সিলেট অনলাইন প্রেসক্লাবের সহ-সভাপতি গোলজার আহমদ হেলাল, বিশিষ্ট আলেম মাওলানা কয়েছ আহমদ ও